

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ

গাজীপুর-১৭০৩

নথি নং ৫৩.১৮.৩৩০০.০৩৭.০৬.০২.২০২০

তারিখঃ ০৪-০২-২০২০ খ্রি.

বিষয়ঃ ইনোভেশন টিমের সভা প্রসংগে।

করপোরেশনের অফিস নির্দেশ নং এসপিসিবি/প্রশাঃ/পার্সোঃ/০৪/২০১৭-২৪০ তারিখ ১৪/১১/১৭ এবং অফিস নির্দেশ নং ৫৩.১৮.৩৩০০.০৩৭.১৮.০০১.১৯-২২৫ তারিখ ২৭/০৮/২০১৯ এর আলোকে গঠিত ইনোভেশন টিম এর একটি সভা অদ্য ০২-০২-২০২০ ইং তারিখ সকাল ১০:০০টায় ইনোভেশন অফিসার ও মহাব্যবস্থাপক (প্রশাসন) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের সদস্য জনাব কামাল আহমেদ, সিস্টেমস এনালিস্ট, জনাব মোঃ কবির উদ্দিন, সহকারী প্রোগ্রামার উপস্থিত ছিলেন। ইনোভেশন টিমের বিগত ১৮/১২/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সভার পরবর্তী উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় প্রাপ্ত উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন/বর্তমান অবস্থা ও করণীয় নিম্নরূপঃ

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করণীয়
নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশনঃ	বাংলাদেশ ব্যাংকে ০৬-০৫-১৯ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে; তাদের নিকট থেকে কোন তথ্যাদি পাওয়া যায়নি। তবে বাংলাদেশ ব্যাংকের ডিসিএম এর মাধ্যমে বিপিএ কার্যক্রম প্রক্রিয়াধীন।	বাংলাদেশ ব্যাংকের ডিসিএম এর মাধ্যমে বিপিএ কার্যক্রম প্রক্রিয়াধীন।	কার্যক্রম প্রক্রিয়াধীন বিধায় কোন করণীয় কার্যক্রম নাই।
ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রমঃ	ই-ফাইলের জন্য প্রশাসন বিভাগের মাধ্যমে করপোরেশনের বাস্তবে কার্যকর সাংগঠনিক কাঠামো প্রস্তুত করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে। এতদ্বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রশাসন বিভাগের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা যায়।	পত্র প্রেরণের বিষয়ে কোন অগ্রগতি নেই।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করার জন্য পার্সোনেল সার্ভিসেস শাখাকে অনুরোধ করা যেতে পারে।
আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপঃ	-	ইনোভেশন ব্যাংকে কোন আইডিয়া পাওয়া যায়নি।	ইনোভেশন আইডিয়া চেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য পার্সোনেল সার্ভিসেস শাখাকে অনুরোধ করা যেতে পারে।
ট্রেনিং:	করপোরেশনের নিজ ব্যবস্থায় উৎপাদন সংশ্লিষ্ট ২০ জন কর্মকর্তাদের নিয়ে করপোরেশনের ইনোভেশন টিমের তত্তাবধানে প্রশিক্ষণে প্রাপ্ত ৪টি চিহ্নিত সেবার উদ্ভাবনী আইডিয়া সমূহ কর্তৃপক্ষের অবগতির জন্য উপস্থাপন করা হবে।	আইডিয়া সমূহ কর্তৃপক্ষের অবগতির জন্য উপস্থাপনের অনুমোদন পাওয়া গেছে।	তারিখ ও সময় নির্ধারণপূর্বক আইডিয়া সমূহ উপস্থাপন করা হবে।
ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদানঃ	-		উদ্ভাবনী আইডিয়া নির্বাচিত হলে আর্থিক সহায়তার প্রয়োজন হলে সহায়তা প্রদান করা হবে।
পুরস্কার প্রদানঃ	-	আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচিত না হওয়ায় পুরস্কার প্রদান করা সম্ভব হয়নি।	করপোরেশনে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচিত হওয়া সাপেক্ষে পুরস্কার প্রদানের প্রক্রিয়া গ্রহণ করা হবে।
পার্টনারশিপ ও নেটওয়ার্কিং:		বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর সাথে যোগাযোগ করে কোন তথ্যাদি পাওয়া যায়নি।	কোন করণীয় কার্যক্রম নাই।

পূর্ব পৃষ্ঠার পর

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করণীয়
সোশ্যাল মিডিয়ায় ব্যবহারঃ	করপোরেশনের জন্য সামাজিক মাধ্যম ফেসবুক পেইজ www.facebook.com/spcbl.gazipur বন্ধ হয়ে যাওয়ায় এর পরিবর্তে www.facebook.com/Taksha/ ফেসবুক পেইজ খোলা হয়েছে।	ফেসবুক পেইজটি চলমান রয়েছে।	কোন করণীয় কার্যক্রম নাই।
প্রকাশনা ও ডকুমেন্টেশনঃ	ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	কার্যবিবরণী স্বাক্ষরের পর তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা যেতে পারে।

ম্যানেজমেন্ট কমিটির গত ২৭/১১/১৯ইং তারিখের ১৭৩ তম সভার পরামর্শ এবং ইনোভেশন টিমের কার্যপরিধির ৪.৩ অনুযায়ী উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সভা প্রতিমাসে নিয়মিতভাবে করার এবং যে মাসে ম্যানেজমেন্ট কমিটির সভা হবে সেই মাস পর্যন্ত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবদেনসহ ম্যানেজমেন্ট কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইনোভেশন টিমের পরবর্তী মাসিক সভায় কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আজিজুল হক)
ইনোভেশন অফিসার ও
মহাব্যবস্থাপক (প্রশাসন)